দৈনিক সংবাদ 85
তারিখ ... 08 NOV 1998 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 1 ...

# বিসিএস শিক্ষা সমিতি জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ শাখা গঠন

সম্প্রতি বিসিএস সাধারণ শিক্ষা সমিতি জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ ইউনিটের সভা শিক্ষক মিলনায়তনে অধ্যক্ষ প্রফেসর ফজলুল কাদের চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। মহাসচিব প্রফেসর মোঃ কফিল উদ্দিন সমিতির সদস্যদের সর্বশেষ পরিস্থিতি অবহিত করেন। সভায় আত্তীকরণ বিধি ৮৫ বাস্তবায়নের কর্তৃপক্ষীয় উদ্যোগের তীব্র সমালোচনা করে বক্তাগণ উক্ত বিধি বাস্তবায়ন প্রতিহত করার জন্য কেন্দ্র কর্তৃক গৃহীত যেকোন কর্মসূচি বাস্তবায়নে দৃঢ় সমর্থন ব্যক্ত করেন।

সভায় অধ্যক্ষ প্রফেসর ফজলুল কাদের চৌধুরীকে সভাপতি, সহ-সভাপতি প্রফেসর আনোয়ারুল হক (দিবা) ও প্রফেসর রাকিকা রউফ (নৈশ), সম্পাদক এস এম আনোয়ারা (দিবা) ও মোঃ সাখাওয়াত হোসেন (নৈশ), যুগ্ম-সম্পাদক মোঃ মোজাহার হোসেন (দিবা) ও শফিক আহমেদ শিবলী (নৈশ), কোষাধ্যক্ষ ডঃ মোঃ ইকবাল বুইজ (দিবা) ও শেখ মোঃ নুরুল আলম (নৈশ) এবং নির্বাহী সদস্য দিবা ১৩ জন ও নৈশ বার জনসহ মোট ৩২ সদস্যের দুই ইউনিট (দিবা ও নৈশ) বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। খবর খবর সংবাদ বিজ্ঞপ্তির।